

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭
প্রশাসন শাখা
www.doict.gov.bd

স্মারক নং- ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০১৯.২১-৬০৮

তারিখঃ ২২ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ
০৭ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ


বিষয়ঃ আগামী ১৮ অক্টোবর ২০২১ তারিখে 'শেখ রাসেল দিবস' উদযাপন উপলক্ষে মূল অনুষ্ঠান সরাসরি সম্প্রচার, দিবসের তারিখ ও প্রতিপাদ্য বিষয় স্ক্রলিং, থিম সং, TVC, সংবাদ ইত্যাদি প্রচার ও ব্র্যান্ডিং এবং টকশো আয়োজন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৩/০৮/২০২১ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকে প্রতিবছর ১৮ অক্টোবর তারিখ-কে 'শেখ রাসেল দিবস' ঘোষণা এবং উক্ত তারিখকে শেখ রাসেল দিবস হিসেবে পালন/উদযাপনের নিমিত্ত জাতীয় ও আন্তর্জাতিক দিবস পালন সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগের ২৭/০৯/২০২০ তারিখের ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০১.২০.৫৪২ সংখ্যক পরিপত্রের 'ক' শ্রেণিভুক্ত দিবস হিসেবে অন্তর্ভুক্তকরণের সিদ্ধান্ত গ্রহণ করেছে (সংলাগ-ক)। প্রতিবছর ১৮ অক্টোবর শেখ রাসেল দিবস পালনের মাধ্যমে ভবিষ্যৎ বাংলাদেশের কর্ণধার তথা বর্তমান প্রজন্মের শিক্ষার্থীদেরকে/শিশু-কিশোরদেরকে উন্নত বাংলাদেশের নাগরিক হিসেবে প্রতিষ্ঠিত করার প্রত্যয়ে শিশু-কিশোরদের মাঝে শেখ রাসেলের স্মৃতি অন্নান থাকবে। একই সাথে আগামী দিনে বাংলাদেশকে পরিচালনাসহ নেতৃত্ব দানের ক্ষেত্রে শেখ রাসেলের দীপ্ত প্রত্যয়ে হৃদয়ে ধারণ করে তারা উন্নত বাংলাদেশ গড়ার শক্তিতে বলীয়ান হবে। এই লক্ষ্য ও উদ্দেশ্যে আগামী ১৮ অক্টোবর ২০২১ তারিখ জাতীয়ভাবে দেশব্যাপী বর্ণাঢ্য আয়োজনে শেখ রাসেল দীপ্ত জয়োল্লাস, অদম্য আত্মবিশ্বাস প্রতিপাদ্যে ১ম বার শেখ রাসেল দিবস উদযাপন করা হবে। কোভিড-১৯ বিবেচনায় দিবসের কেন্দ্রীয় মূল অনুষ্ঠানটি তথ্য-প্রযুক্তি সহযোগে ভৌত ও ভার্চুয়াল পদ্ধতির সংমিশ্রণে অনুষ্ঠিত হবে।

০২। আগামী ১৮ অক্টোবর ২০২১ তারিখ দিবসের প্রত্যুষে সকাল ০৬.০০ টায় বনানী কবরস্থান এবং সকাল ০৭.০০ টায় স্ব-স্ব মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান প্রাঙ্গণে শেখ রাসেল-এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা জ্ঞাপন করা হবে। একই তারিখ সকাল ০৯:৩০ টায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র (বিআইসিসি)-এর হল অব ফেম-এ শেখ রাসেল দিবস-এর কেন্দ্রীয় মূল অনুষ্ঠান (উদ্বোধনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান) আয়োজনের উদ্যোগ নেয়া হয়েছে। একই তারিখ ও ভেন্যুতে বেলা ৩:০০ টায় দিবসের প্রতিপাদ্য নির্ভর জাতীয় সেমিনার এবং সন্ধ্যা ০৬:০০ টায় কনসার্ট ফর পিস এ্যান্ড জাস্টিস আয়োজন করা হবে। শেখ রাসেল দিবস-এর কেন্দ্রীয় মূল অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলংকৃত করতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা, এমপি। মূল অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহমেদ পলক এমপি। অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী, বিভিন্ন সংস্থা/প্রতিষ্ঠানের শিশু-কিশোর, মাননীয় সংসদ সদস্য, সরকারের উচ্চ পর্যায়ের কর্মকর্তা, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়াসহ অন্যান্য অতিথিবৃন্দ। দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে (শেখ রাসেল ডিজিটাল ল্যাব সমৃদ্ধ), ১২টি সিটি কর্পোরেশন, ৩৩০টি পৌরসভা, ৪৫৫৪টি ইউনিয়ন পরিষদসহ সকল বিভাগ, জেলা এবং উপজেলা পর্যায়ে দিবসটি একযোগে উদযাপিত হবে। 'শেখ রাসেল দিবস ২০২১' বর্ণাঢ্যভাবে ব্যাপক সাফল্য মন্ডিত করার লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক গৃহীত উল্লিখিত উদ্যোগসমূহ সর্বস্তরের নাগরিকদের নিকট পৌঁছে দেওয়ার লক্ষ্যে একইসঙ্গে 'শেখ রাসেল দিবস' সম্পর্কে নাগরিকদের অবহিত করতে আপনার বহুল প্রচলিত স্যাটেলাইট চ্যানেলে নিম্নোক্তভাবে সম্প্রচার, স্ক্রলিং ও টকশো আয়োজনের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।

- দিবসের তারিখ (১৮ অক্টোবর ২০২১) স্ক্রলিং;
- দিবসের প্রতিপাদ্য (শেখ রাসেল দীপ্ত জয়োল্লাস, অদম্য আত্মবিশ্বাস) স্ক্রলিং;
- দিবসের থিম সং ও টিভিসি প্রচার;
- জাতীয় সংবাদে দিবসের তাৎপর্য গুরুত্বের সঙ্গে তুলে ধরা এবং মূল অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচার করা;
- শেখ রাসেল দিবস-এর প্রতিপাদ্য বিষয় ও আনুষঙ্গিক বিষয়ক টকশো আয়োজন।

০৩। এমতাবস্থায়, আগামী ১৮ অক্টোবর ২০২১ তারিখে 'শেখ রাসেল দিবস' সফলভাবে উদযাপনের নিমিত্ত বাংলাদেশ টেলিভিশনে দিবসের তারিখ ও প্রতিপাদ্য বিষয়ে স্ক্রলিং, মূল অনুষ্ঠান সম্প্রচার, জাতীয় সংবাদে প্রচারসহ টকশো আয়োজনে নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।



এ. বি. এম. আরশাদ হোসেন

মহাপরিচালক, অতিরিক্ত সচিব

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

ফোন (অফিস): +৮৮০ ২ ৪১০২৪০৭২

ইমেইল: dg@doict.gov.bd

বিতরণ:

- ১) ম্যানেজিং ডিরেক্টর, ৭১ টিভি
- ২) ম্যানেজিং ডিরেক্টর, চ্যানেল আই
- ৩) হেড অব নিউজ, নিউজ ২৪
- ৪) হেড অব নিউজ, ডিবিসি
- ৫) এডিটর ইন চিফ, জিটিভি
- ৬) চিফ নিউজ এডিটর, যমুনা টিভি
- ৭) চিফ এক্সিকিউটিভ এডিটর, এটিএন বাংলা
- ৮) চিফ এক্সিকিউটিভ অফিসার, আরটিভি

- ৯) চিফ এক্সিকিউটিভ এডিটর, এটিএন নিউজ
- ১০) চিফ নিউজ এডিটর, ইটিভি
- ১১) হেড অব নিউজ, চ্যানেল ২৪
- ১২) হেড অব নিউজ, এশিয়ান টিভি

অনুলিপি: (সদয় জ্ঞাতার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (মাননীয় প্রতিমন্ত্রী সদয় অবগতির জন্য)।
- ২। সিনিয়র সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সচিবের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। অফিস কপি।